গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.০৯৯.০৩.১৮-৮৮৪ তারিখঃ ১২ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ
২৯ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ Sustainable Development Goals (SDGs)- বাস্তবায়নে করণীয়।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৪৩.০৪৬.০০.০০.০০১.২০১৯-১১ তাং-৩১ জানুয়ারি ২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি সংযুক্তিসহ এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রেরিত পত্রের আলোকে স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন, বুনিয়াদি এবং বিভাগীয় প্রশিক্ষণে এসডিজি বিষয়ক মডিউল অন্তর্ভুক্তকরণের বিষয়ে এবং টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন সংশ্লিষ্ট দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে নির্ধারিত এসডিজি লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নপূর্বক এ বিভাগের প্রশাসন-১ অধিশাখায় জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তঃ বর্ণনামতে,


কাজী মাহবুবুল আলম
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd


বিতরণঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৪। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

**অনুলিপিঃ**

১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

বিষয়: Sustainable Development Goals (SDGs)-বাস্তবায়নে করণীয়।

সূত্র নং: প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডি ও নং: ০৩.০৪৩.০৪৬.০০.০০.০০১.২০১৯-১১ তারিখ: [illegible]/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসডিজি সংশ্লিষ্ট কার্যক্রম সফলভাবে বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কতিপয় পদক্ষেপ গ্রহণের প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নির্দেশ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)। বর্ণিতাবস্থায়, নিম্নলিখিত বিষয়ে জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণপূর্বক এ বিভাগের এসডিজি সেলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক) স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন, বুনিয়াদি এবং বিভাগীয় প্রশিক্ষণে এসডিজি বিষয়ক মডিউল অন্তর্ভুক্তকরণের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র দিতে হবে।

খ) টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন সংশ্লিষ্ট দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে নির্ধারিত এসডিজি লোগো ব্যবহার করার জন্য অফিস আদেশ জারী করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অতিঃ সচিব (প্রশাসন অনুবিভাগের দপ্তর)
স্বাস্থ্য ও সেবা বিভাগ
ডায়েরী নং ৩৭৭ তারিখ ২৬/৩
যুগ্ম সচিব (প্রশাসন)
যুগ্ম সচিব (পার)
উপ-প্রধান (HRM)
উপ-সচিব
উপ-সচিব শৃং
সিঃ সঃ সচিব
সহকারী সচিব
ব্যক্তিগত কর্মকর্তা
অন্যান্য

০৩/০৩/১৯
(মোছাঃ মাসুদা বেগম)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭০৬৬২
ই-মেইলঃ mstbegum@yahoo.com

অতিরিক্ত সচিব
প্রশাসন অনুবিভাগ
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.০০.০০০০.০১৪.০০.০০.০০৮.২০১৭-২০৩

১৯ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ০৩ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১ অতিরিক্ত সচিব (বাজেট) ও ফোকাল পয়েন্ট(এসডিজি সেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩ যুগ্ম-প্রধান (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতিরিক্ত সচিব (বাজেট)
স্বাস্থ্য সেবা বিভাগ
ডায়েরী নং ৭৭৫

মোঃ সিরাজুল ইসলাম
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

মো. আবুল কালাম আজাদ
মুখ্য সমন্বয়ক (এসডিজি)
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও. নং: ০৩.০৪৩.০৪৬.০০.০০.০০১.২০১৯-১১

তারিখ: ১৮ মাঘ ১৪২৫
৩১ জানুয়ারি ২০১৯

প্রিয় সচিব,

আপনি অবগত আছেন যে, এসডিজি বাস্তবায়নে মন্ত্রণালয়/ বিভাগসমূহকে তাদের কার্যক্রমের সাথে সঙ্গতি রেখে লিড, কো-লিড বা সহযোগী মন্ত্রণালয়/ বিভাগ হিসাবে চিহ্নিত করে দায়িত্ব অর্পণ করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয়/ বিভাগসমূহ তাদের দায়িত্ব সুচারুরূপে সম্পাদনে এসডিজি অ্যাকশন প্ল্যানও চূড়ান্ত করেছে। এসডিজি বাস্তবায়নে জাতীয় পর্যায়ে ইতোমধ্যে গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিষয়টি এখন স্থানীয় পর্যায়ে সম্প্রসারণ করা প্রয়োজন।

২। গত ৩ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে জেলা ও উপজেলা পর্যায়ে এসডিজি স্থানীয়করণে ৪০টি (৩৯+১) সূচকের মাধ্যমে এসডিজি অগ্রাধিকার তালিকা অনুমোদন দেয়া হয়েছে (কপি সংযুক্ত)। আশা করা হচ্ছে এই অগ্রাধিকার তালিকা মোতাবেক জেলা, উপজেলা ও স্থানীয় পর্যায়ের সকল সরকারি দপ্তরে ও প্রাইভেট সেক্টরে এসডিজি বাস্তবায়ন ও পরিবীক্ষণ সম্ভব হবে।

৩। চলতি বছর জুলাই মাসের প্রথম সপ্তাহে দ্বিতীয় "National Conference on SDG Implementation Review (SIR)" সম্মেলনে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত সময়ে এসডিজির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। এর পূর্বে এসডিজি বাস্তবায়ন পর্যালোচনা উপজেলা পর্যায় থেকে শুরু হয়ে জেলা পর্যায়, তারপর অধিদপ্তর এবং মন্ত্রণালয় পর্যায়ে সম্পন্ন হবে।

৪। আমরা আশা করছি উপজেলাসমূহ তাদের কর্মপরিকল্পনা প্রণয়ন/ মূল্যায়ন এপ্রিলের মধ্যে সম্পন্ন করতে সক্ষম হবে যার উপর ভিত্তি করে জেলাসমূহ তাদের কর্মপরিকল্পনা মে মাসে সম্পন্ন করতে পারবে। জুন মাসের মধ্যে অধিদপ্তর ও মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে এসডিজির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পন্ন করতে হবে যেন জুলাই মাসে জাতীয় পর্যায়ের অনুষ্ঠান আয়োজন করা যায়। এনজিও বিষয়ক ব্যুরোর তত্ত্বাবধানে এনজিওসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় তাদের কার্যক্রম পর্যালোচনা করবে এবং জাতীয় পর্যায়ের পর্যালোচনায় অবদান রাখবে। ব্যক্তিখাত ও উন্নয়ন সহযোগিরাও জাতীয় পর্যায়ের পর্যালোচনায় কার্যকরভাবে অংশগ্রহণ করবে।

৫। এমতবস্থায় টেকসই উন্নয়ন অভীষ্ট সংশ্লিষ্ট কার্যক্রম সফলভাবে সম্পাদনে আপনার মন্ত্রণালয়/ বিভাগ হতে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের অনুরোধ করছি:

(ক) আপনার মন্ত্রণালয়/ বিভাগ, অধিদপ্তর, বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট প্রাইভেট সেক্টরের ব্যক্তিগণকে এসডিজি বিষয়ক ধারণা প্রদান, "আমার গ্রাম আমার শহর" আদর্শকে ধারণ করে স্থানীয় পর্যায়ের চাহিদা নিরূপণ ও তা বাস্তবায়নে কর্মপরিকল্পনা গ্রহণ। মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে একটি ওয়ার্কশপের মাধ্যমে এ কাজ সত্বর শুরু করা যেতে পারে;

(খ) আপনার মন্ত্রণালয় বিভাগের অধীন সেক্টর কর্পোরেশন ও কোম্পানীসমূহ এসডিজি বাস্তবায়নে কী কী উদ্যোগ গ্রহণ করেছে সে বিষয়ে একটি প্রতিবেদন আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরন;

*চলমান পাতা-২*

প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫, ফোন : +৮৮-০২-৯১৪০০৮১ (অফিস); ফ্যাক্স : +৮৮-০২-৫৫০২৯৫৯০
ই-মেইল : pcord@pmo.gov.bd; azad2[illegible]3@gmail.com; ওয়েব সাইট : www.[illegible]

মোঃ আবুল কালাম আজাদ
মুখ্য সমন্বয়ক (এসডিজি)
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



(গ) সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত এসডিজি অ্যাকশন প্ল্যান হতে ঐ সকল প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচনকরণ যেগুলোর বাস্তবায়ন টেকসই উন্নয়নের ক্ষেত্রে দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত হবে;

(ঘ) সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিকে এসডিজি বিষয়ে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;

(ঙ) অধিদপ্তর, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে আগামী এক মাসের মধ্যে ফোকাল পয়েন্ট নির্ধারণ করে তাদের প্রশিক্ষণ প্রদান এবং তাদের মাধ্যমে তৃণমূল পর্যায়ে এসডিজি বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

(চ) আপনার নিয়ন্ত্রণাধীন সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন, বুনিয়াদি এবং বিভাগীয় প্রশিক্ষণে এসডিজি বিষয়ক মডিউল অন্তর্ভুক্তকরণ;

(ছ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে এসডিজি বিষয়ক কার্যক্রম অন্তর্ভুক্তকরণ;

(জ) নতুন প্রকল্প প্রণয়নকালে সকল বিষয়ে টেকসই উন্নয়ন অভীষ্টের মূল ধারণাকে সম্পৃক্তকরণ; প্রকল্প নির্বাচন, বাস্তবায়ন ও পরিবীক্ষণে সংশ্লিষ্ট অংশীজনকে সম্পৃক্তকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(ঝ) মানব সম্পদ উন্নয়নে চাহিদা নিরূপণ করে দেশে-বিদেশে বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি;

(ঞ) এসডিজি বাস্তবায়নে মাননীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, সিভিল সোসাইটি, ব্যবসায়ী ও ব্যক্তিখাত, বৈজ্ঞানিক, বিভিন্ন পেশাজীবী গ্রুপ ও সাধারণ জনগণকে সম্পৃক্তকরণ;

(ট) টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন সংশ্লিষ্ট দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে নির্ধারিত এসডিজি লোগো ব্যবহার উৎসাহিতকরণ;

৬। আপনার মন্ত্রণালয়ের এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা এসডিজি বাস্তবায়নে আপনাকে কার্যকর সহযোগিতা করতে পারবেন। টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নে এবং স্থানীয় পর্যায়ে এটিকে সম্প্রসারণে উপর্যুক্ত কার্যক্রম সঠিকভাবে নির্ধারিত সময়ে সম্পাদনে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

শুভেচ্ছান্তে

(মোঃ আবুল কালাম আজাদ)

জনাব মোঃ আসাদুল ইসলাম
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫, ফোন : +৮৮-০২-৯১৪০০৮১ (অফিস): ফ্যাক্স : +৮৮-০২-৫৫০২৯৫৯০
ই-মেইল : pcord@pmo.gov.bd; azad2113@gmail.com; ওয়েব সাইট : www.pmo.gov.bd